

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৬৫

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ ই'তেকাফকারী ব্যক্তি ই'তেকাফের স্থান থেকে সকালে বের হবেন; সন্ধায় নয় মর্মে হাদীস

ذِكْنُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ الْمُعْتَكِفَ يَخْرُجُ مِنِ اعْتِكَافِهِ صَبِيحَةً لَا مَسَاءً

## আরবী

3665 \_ أَخْبُرَنَا عُمَرُ بْنُ سَعِيد بْنِ سِنَانِ قَالَ: أَخْبُرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِك عَنْ يَزِيدَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الْهَادِ عَنْ مُحَمَّد بْنِ إِبْرَاهِيمَ بْنِ الْحَارِثِ التَّيْمِيِّ عَنْ أَبِي سَعِيد الْخُدْرِيِّ أَنَّهُ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَبِي سَعِيد الْخُدْرِيِّ أَنَّهُ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَعْتَكِفُ الْعَشْرَ الْوُسْطَى مِنْ رَمَضَانَ فَاعْتَكَفَ عَامًا حَتَّى إِذَا كَانَ لَيْلَةَ إِحْدَى وَعِشْرِينَ وَهِيَ اللَّيْلَةُ الَّتِي يَخْرُجُ صَبِيحَتَهَا مِنِ اعْتِكَافِهِ قَالَ: (مَنِ اعْتَكَفَ مَعِي قَلْيَعْتَكِفَ الْعَشْرِ الْوَسْطَى مِنْ رَمَضَانَ فَاعْتَكَافِهِ قَالَ: (مَنِ اعْتَكَفَ مَعِي قَلْيَعْتَكِفَ الْعَشْرِ الْوَوْلَ فِي اللَّيْلَةُ وَلَا لَيْلُهُ وَقُدْ رَأَيْتُكُ مِنْ صَبِيحَتِهَا فِي الْعَشْرِ الْأَوْلَ فِر وَالْتَمِسُوهَا فِي كُلِّ وِتْرٍ وَقَلْ لَمُسْجِدُ مَلْ الله عليه وسلم انْعَرَفَ قَالْ أَبُو سَعِيد الْخُدْرِيُّ: فَأَمْطَرَت السَّمَاءُ تِلْكَ اللَّيْلَةَ وَكَانَ الْمَسْجِدُ عَلَى عَرِيشٍ فَوَكَفَ الْمَسْجِدُ قَالَ أَبُو سَعِيد: فأَبصَرَتْ عَيْنَايَ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم انْصَرَفَ عَلَيْنَا وَعَلَى جَبْهَتِهِ وَأَنْفِهُ أَثُولُ الْمَاعِدِ الْخُدُرِيِ الله عَلَيه وسلم انْصَرَفَ عَلَيْنَا وَعَلَى جَبْهَتِهِ وَأَنْفِهُ أَثُولُ الْمَاعِينِ مِنْ صَبِيحَةٍ إِحْدَى وَعِشْرِينَ. الْمُسْجِدُ عَلَى عَرِيشٍ فَوَكَفَ عَلَيْنَا وَعَلَى جَبْهَتِهِ وَأَنْفِهُ أَثُولُ الْمَاعِينِ الله عليه وسلم انْصَرَفَ عَلَيْنَا وَعَلَى جَبْهَتِهِ وَأَنْفِهُ أَثُولُ الْمَعْدِثَ : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1665 ا خلاصة حكم المحدث: صحيح \_ ((صحيح أبي داود)) الصفحة أو الرقم: 1665 ا خلاصة حكم المحدث: صحيح \_ ((صحيح أبي داود))

## বাংলা

৩৬৬৫. আবূ সাঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রমযানের মধ্য দশকে ই'তেকাফ করতেন। এক বছর তিনি এভাবে ই'তেকাফ করেন। অতঃপর যখন একুশে রাত হয়, আর এটা এমন রাত, যে রাতের ভোরে ই'তেকাফের স্থান থেকে বের হওয়া হতো। তিনি বলেন, "যে ব্যক্তি



আমার সাথে ই'তেকাফ করেছে, সে যেন শেষ দশকে ই'তেকাফ করে। আমাকে এই রাতটি (স্বপ্নে) দেখানো হয়েছিল, তারপর আমাকে তা ভুলিয়ে দেওয়া হয়েছে। আমি নিজেকে দেখেছি যে, সেই রাতের ভোরে আমি পানি ও কাদা মাটিতে সাজদা করছি। কাজেই তোমরা এটাকে শেষ দশকে তালাশ করো এবং তোমরা এটাকে প্রত্যেক বেজাড় রাতে তালাশ করবে।"

আবূ সাঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "অতঃপর সেই রাতে বৃষ্টি হয় আর সে সময় মাসজিদটি চালাঘর ছিল। ফলে ফোটায় ফোটায় পানি পড়তে থাকে।"

আবূ সাঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "আমার দু'চোখ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখেছে, তিনি আমাদের দিকে মুখ ফেরান, সে সময় তাঁর কপাল ও নাকে পানি ও কাদা মাটির চিহ্ন ছিল। এটা ২১ তম রাতের ভোরে হয়েছিল।[1]

## ফুটনোট

[1] মুয়াতা ইমাম মালিক: ১/৩১৯; সহীহুল বুখারী: ২০২৭; আবূ দাউদ: ১৩৮২; সহীহ ইবনু খুযাইমাহ: ২২৪৩; সুনান বাইহাকী: ৪/৩০৯; বাগাবী: ১৮২৫; মুসনাদ আহমাদ: ৩/৭; হুমাইদী: ৭৫৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১২৫১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন